



ফের আলোচনার টেবিলে ইরান-যুক্তরাষ্ট্র



সংগৃহীত ছবি

সামরিক উত্তেজনার মধ্যে আবারো আলোচনার টেবিলে বসতে যাচ্ছে যুক্তরাষ্ট্র ও ইরান। আগামী বৃহস্পতিবার (২৬ ফেব্রুয়ারি) জেনেভায় নতুন দফার আলোচনার আয়োজন করা হয়েছে।

ওমানের পররাষ্ট্রমন্ত্রী বদর আল বুসাইদি রোববার (২২ ফেব্রুয়ারি) সামাজিক যোগাযোগমাধ্যম এক্স-এ পোস্ট দিয়ে বৈঠকের তথ্য নিশ্চিত করেন। তিনি আশা প্রকাশ করেছেন, এবারের আলোচনায় চুক্তি চূড়ান্ত করার পথে ইতিবাচক অগ্রগতি সম্ভব হতে পারে। আলোচনার মূল বিষয়গুলো হচ্ছে পারমাণবিক কর্মসূচি, ইউরেনিয়াম সমৃদ্ধকরণ ও নিষেধাজ্ঞা প্রত্যাহার। এ সময় এই বৈঠকের ঘোষণা এসেছে এমন এক মুহূর্তে, যখন ইরান ও যুক্তরাষ্ট্রের মধ্যে সামরিক উত্তেজনা তুঙ্গে পৌঁছেছে। ওয়াশিংটন মধ্যপ্রাচ্যে সামরিক উপস্থিতি বাড়াচ্ছে, আর ইরানও পাল্টা হামলার প্রস্তুতি নিচ্ছে।

LENS ASIA